

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

উন্নয়ন ও সমবায়
শেখ হাসিনার মূলমন্ত্র

নং ৪৬.০৪৬.০১৫.০০.০০.০০৪.২০১২-২২০

তারিখ : ২৬ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান শাখা-৪ এর গত ১৬ জানুয়ারি ২০১৭ তারিখের ০৭.০০.০০০০.১২৯.০০.২৫.২০১২-০৯ নং স্মারকের সম্মতি অনুযায়ী স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪-এর ৫(ত) নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণপূর্বক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের সিদ্ধান্তমতে উপজেলা পরিষদের একজন মালি ও একজন সুইপার-এর প্রত্যেকের দৈনিক মজুরী নিম্নোক্তভাবে শর্তসাপেক্ষে পুনর্নির্ধারণ করা হলো :

ক্রমিক নং	দপ্তরের অবস্থান	দৈনিক প্রদেয় মজুরির হার (সরকারি ছুটির দিন ব্যতিত)	মন্তব্য
১	উপজেলা পরিষদ	৪০০(চারশত) টাকা	অদক্ষ মালি ও সুইপার
২	উপজেলা পরিষদ	৪৫০(চারশত পঞ্চাশ) টাকা	দক্ষ মালি ও সুইপার

শর্তাবলী:

- উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ হতে এ ব্যয় নির্বাহ করতে হবে। এ জন্য সরকারি কোন অর্থ বরাদ্দ প্রদান করা হবে না;
- উল্লিখিত দৈনিক প্রদেয় মজুরির হারে মাসিক ভিত্তিক মালি ও সুইপার নিয়োগ করা যাবে না;
- এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- এ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান/আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

J. A. Min
০৮/০২/২০১৭
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

নং ৪৬.০৪৬.০১৫.০০.০০.০০৪.২০১২-২২০

তারিখ : ২৬ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব/মহাপরিচালক(মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন/উন্নয়ন/পাস), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার (সকল),.....বিভাগ।
- ৬। যুগ্মসচিব (উপজেলা অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। জেলা প্রশাসক (সকল),.....জেলা।
- ৯। পরিচালক, স্থানীয় সরকার (সকল),.....জেলা।
- ১০। চেয়ারম্যান (সকল),.....উপজেলা পরিষদ,.....জেলা।
- ১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),.....উপজেলা,.....জেলা।
- ১৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান (সকল),.....উপজেলা পরিষদ,.....জেলা।
- ১৪। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল),.....উপজেলা,.....জেলা।
- ১৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

J. A. Min
০৮/০২/২০১৭
(ড. জুলিয়া মঈন)
উপসচিব